সংবাদ

তারিখ ... 19 MAR 2003
পৃষ্ঠা ... কলাম ...

# সকল ক্ষেত্রে সুশাসন প্রতিষ্ঠা করা জরুরি : স্পিকার

**নিজস্ব বার্তা পরিবেশক :** জাতীয় সংসদের স্পিকার জমিরউদ্দিন সরকার বলেছেন, আমাদের সুশাসনের অভাব রয়েছে। সকল ক্ষেত্রে সুশাসন প্রতিষ্ঠা করা জরুরি।

শনিবার ব্র্যাক সেন্টারে ইনফরমেশন সায়েন্স অ্যান্ড টেকনোলজি সল্যুশান লিমিটেড আয়োজিত দু'দিনব্যাপী এক সিম্পোজিয়াম উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি একথা বলেন।

স্পিকার বলেন, ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষকরা একাধিক বেসরকারি বিশ্ববিদ্যালয়ে শিক্ষকতা করেন। যার ফলে ছাত্রছাত্রীরা যথাযথ শিক্ষা থেকে বঞ্চিত হচ্ছে। মেধাবী শিক্ষার্থীরাও বেসরকারি বিশ্ববিদ্যালয়ের দিকে ঝুঁকছে। মেধাবীরা এখন আর সরকারি চাকরি করতে চায় না। স্পিকার বলেন, আমাদের দেশ কৃষি প্রধান দেশ; কিন্তু কোন বেসরকারি বিশ্ববিদ্যালয়ে কৃষি বিষয়ে কিছু পড়ানো হয় না।

অনুষ্ঠানে অন্যদের মধ্যে বক্তব্য রাখেন শিল্প প্রতিমন্ত্রী রেজাউল করিম এমপি, বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের চেয়ারম্যান প্রফেসর এ.টি.এম জহিরুল হক, সেইন্ট বিশ্ববিদ্যালয় ব্যাংকক-এর প্রেসিডেন্ট ড. পঞ্জায় মংগোনভানিত ও জওয়াহেরলাল নেহরু বিশ্ববিদ্যালয়ের প্রফেসর জে.আর অরোরা। কিনোট উপস্থাপন করেন ইন্ডিপেন্ডেন্ট ইউনিভার্সিটির প্রেসিডেন্ট ড.এ মজিদ খান।